# মঞ্জুরি নং-২২

# ১২৪ - প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

## মধ্যমেয়াদি ব্যয়

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|
| | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| পরিচালন ব্যয় | ২৫২৯৭,৩৪,০০ | ২৬৬৮৮,৭০,০০ | ২৮১৫৬,৫৮,০০ |
| উন্নয়ন ব্যয় | ২১৪৪০,৫৮,০০ | ২৬৪৮৬,৪৫,০০ | ৩২৪৬৩,০৯,০০ |
| **মোট** | **৪৬৭৩৭,৯২,০০** | **৫৩১৭৫,১৫,০০** | **৬০৬১৯,৬৭,০০** |
| | | | |
| আবর্তক | ২৭৭৯০,৭৮,৩৯ | ২৭৭৯৫,৪৯,৪৬ | ২৮১৪৮,৩১,৮৭ |
| মূলধন | ১৮৯৪৭,১৩,৬১ | ২৫৩৭৯,৬৫,৫৪ | ৩২৪৭১,৩৫,১৩ |
| আর্থিক সম্পদ | ০ | ০ | ০ |
| দায় | ০ | ০ | ০ |
| **মোট** | **৪৬৭৩৭,৯২,০০** | **৫৩১৭৫,১৫,০০** | **৬০৬১৯,৬৭,০০** |

## ১.০ মিশন স্টেটমেন্ট ও প্রধান কার্যাবলি

### ১.১ মিশন স্টেটমেন্ট

সবার জন্য মানসম্মত প্রাথমিক শিক্ষার সুযোগ সম্প্রসারণ ও দক্ষতাভিত্তিক জীবনব্যাপী শিক্ষা নিশ্চিতকরণ।

### ১.২ প্রধান কার্যাবলি

১.২.১ প্রাথমিক ও গণশিক্ষা সংক্রান্ত আইন ও বিধিমালা প্রণয়ন ও বাস্তবায়ন;

১.২.২ প্রাথমিক ও গণশিক্ষা সংক্রান্ত নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়ন;

১.২.৩. বিদ্যালয় বহির্ভূত ও ঝরে পড়া শিক্ষার্থীদের জন্য উপানুষ্ঠানিক শিক্ষা কর্মসূচি বাস্তবায়ন;

১.২.৪. প্রাথমিক শিক্ষাস্তর এবং গণশিক্ষার জন্য শিক্ষাক্রম প্রণয়ন;

১.২.৫. প্রাথমিক শিক্ষাস্তরের পাঠ্যপুস্তক প্রণয়ন, মুদ্রণ এবং বিতরণ;

১.২.৬. প্রাথমিক ও গণশিক্ষা সংক্রান্ত প্রশিক্ষণ ও গবেষণা কার্যক্রম পরিচালনা;

১.২.৭. বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা পরিবীক্ষণ ও বাস্তবায়ন;

১.২.৮. দক্ষতা উন্নয়ন ও ক্যারিয়ার ব্যবস্থাপনা;

১.২.৯. প্রাথমিক ও গণশিক্ষা সেক্টরের জন্য সেক্টর-ভিত্তিক পরিকল্পনা প্রণয়ন।

## ২.০ মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য ও কার্যক্রমসমূহ

| মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রমসমূহ | বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১. সার্বজনীন, একীভূত ও বৈষম্যহীন প্রাথমিক শিক্ষা সম্প্রসারণ | • বিদ্যালয়ের শ্রেণিকক্ষ নির্মাণ, পুনর্নির্মাণ ও সম্প্রসারণ এবং বিদ্যালয় মেরামত ও সংস্কার<br>• ওয়াশ-ব্লক নির্মাণ ও নলকূপ স্থাপন | • প্রাথমিক শিক্ষা অধিদপ্তর |

| মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রমসমূহ | বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| | • শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদান<br>• প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগ<br>• স্কুল ফিডিং কার্যক্রম<br>• সকল শিক্ষার্থীর জন্য সময়মত বিনামূল্যে পাঠ্যপুস্তক সরবরাহ | |
| | • সরকারি প্রাথমিক বিদ্যালয় পরিদর্শন ও পরামর্শ প্রদান | • বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন ও পরিবীক্ষণ ইউনিট |
| ২. মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ | • প্রাথমিক বিদ্যালয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট আয়োজন<br>• ৫ম শ্রেণির পাঠ শেষে বৃত্তি পরীক্ষা গ্রহণ<br>• পেশাগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে কর্মকর্তা/শিক্ষকগণকে মানসম্পন্ন প্রশিক্ষণ প্রদান<br>• প্রাথমিক পর্যায়ে আইসিটিভিত্তিক শিক্ষা কার্যক্রম প্রচলন<br>• মা/অভিভাবক সমাবেশের আয়োজন<br>• সহ-শিক্ষাক্রমিক কার্যক্রম ও স্বাস্থ্যসম্মত চর্চার অনুশীলন<br>• মানসম্মত পাঠদান নিশ্চিত করার লক্ষ্যে নিয়মিত বিদ্যালয় পরিদর্শন<br>• "এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস" প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ<br>• বিনামূল্যে স্কুল ড্রেস, ব্যাগ ও জুতা বিতরণ<br>• ওয়ান টিচার, ওয়ান ট্যাব<br>• ওয়ান চাইল্ড, ওয়ান ট্রি কর্মসূচি বাস্তবায়ন | • প্রাথমিক শিক্ষা অধিদপ্তর |
| | • পেশাগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে কর্মকর্তা/শিক্ষকদের মানসম্পন্ন প্রশিক্ষণ প্রদান<br>• শিক্ষকদের ডিপিএড প্রশিক্ষণ/বিটিপিটি প্রশিক্ষণ<br>• বিদ্যালয় ব্যবস্থাপনার সঙ্গে সংশ্লিষ্ট ব্যক্তিদের প্রশিক্ষণ<br>• প্রাথমিক শিক্ষা সংশ্লিষ্ট বিভিন্ন সমস্যার কারণ অনুসন্ধান ও সমাধান সংক্রান্ত গবেষণা কার্যক্রম<br>• প্রাথমিক শিক্ষা সম্পর্কিত প্রকাশনা | • জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ) |
| ৩. উপানুষ্ঠানিক শিক্ষা সম্প্রসারণ | • বিদ্যালয় বহির্ভূত কিশোর-কিশোরীদের জন্য দক্ষতা কেন্দ্রিক সাক্ষরতা<br>• বিদ্যালয় বহির্ভূত শিশুদের জন্য বিকল্প শিক্ষার সুযোগ<br>• 'কার্যকর সাক্ষরতা ও ব্যবহারিক কর্মদক্ষতা প্রশিক্ষণ (প্রাক-বৃত্তিমূলক পর্যায়)' শীর্ষক কোর্স বাস্তবায়ন | • উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো |
| ৪. প্রাথমিক শিক্ষা ব্যবস্থাপনা বিকেন্দ্রীকরণ এবং আইসিটি ও এআই ব্যবস্থাপনার প্রবর্তন | • ব্যবস্থাপনা বিকেন্দ্রীকরণের লক্ষ্যে School Level Improvement Plan (SLIP) বাস্তবায়ন<br>• ফ্রি ওয়াই-ফাই চালু | • প্রাথমিক শিক্ষা অধিদপ্তর |

## ৩.০ দারিদ্র্য নিরসন, নারী উন্নয়ন ও জলবায়ু সংক্রান্ত তথ্য

## ৩.১ দারিদ্র্য নিরসন, নারী উন্নয়ন ও জলবায়ুর উপর মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্যসমূহের প্রভাব

### ৩.১.১ সার্বজনীন, একীভূত ও বৈষম্যহীন প্রাথমিক শিক্ষা সম্প্রসারণ

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** সার্বজনীন, একীভূত ও বৈষম্যহীন প্রাথমিক শিক্ষা সম্প্রসারণ দারিদ্র্য নিরসনের ক্ষেত্রে একটি মৌলিক ও বহুমাত্রিক ভূমিকা পালন করে। বিদ্যালয়ের শ্রেণিকক্ষ নির্মাণ, পুনর্নির্মাণ, সম্প্রসারণ, বিদ্যালয় মেরামত ও সংস্কার, ওয়াশ-ব্লক নির্মাণ ও নলকূপ স্থাপন, বিনা মূল্যে বই বিতরণ, উপবৃত্তি প্রদান, স্কুল ফিডিং কার্যক্রম পরিচালনা ইত্যাদি কার্যক্রমের মাধ্যমে দরিদ্র পরিবারের শিশুদের প্রাথমিক শিক্ষা লাভের সুযোগ সৃষ্টি হচ্ছে, যা ভবিষ্যতে কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি করে, দরিদ্র পরিবারের শিশুদের স্কুলে ধরে রাখে, শিশুশ্রম ও অকাল বিবাহ কমায়, ভবিষ্যৎ প্রজন্মকে অধিক শিক্ষিত করে তোলে, দারিদ্র্য এক প্রজন্ম থেকে আরেক প্রজন্মে সঞ্চারিত হওয়ার প্রবণতা হ্রাস পায়। Pre-Primary and Primary Education Improvement Project in Cox's Bazar and Bandarban Districts and Bhasanchar of Noakhali প্রকল্পের মাধ্যমে ১০৯৫টি সপ্রাবিতে স্কুল ফিডিং প্রদান, শিক্ষা ও আইসিটি উপকরণ, স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী বিতরণ এবং রোহিংগা শরনার্থী শিশুদের শিক্ষা সহায়তা প্রদান এবং সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ফিডিং কর্মসূচির মাধ্যমে ১৯৪১৯টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৩.১৩ মিলিয়ন শিশুকে সপ্তাহে ৫ দিন পুষ্টিকর খাবার দেয়া হচ্ছে।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচী (পিইডিপি৪), চাহিদাভিত্তিক সরকারি প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন (১ম পর্যায়), ঢাকা মহানগরী ও পূর্বাচলে সরকারি প্রাথমিক বিদ্যালয় স্থাপন ও অবকাঠামো উন্নয়নসহ দৃষ্টিনন্দনকরণ প্রকল্প ইত্যাদি প্রকল্পের মাধ্যমে বিদ্যালয়ের অবকাঠামো উন্নয়ন, বিনা মূল্যে বই বিতরণ, উপবৃত্তি প্রদান, স্কুল ফিডিং কার্যক্রম, বিনা মূল্যে পাঠ্যবই বিতরণ, উপবৃত্তি প্রদান, স্কুল ফিডিং কার্যক্রম ইত্যাদি কার্যক্রমের মাধ্যমে মেয়ে শিক্ষার্থী ভর্তির হার বৃদ্ধি পেয়েছে। নারী শিক্ষা শ্রমবাজারে অংশগ্রহণ বাড়ায়, স্বাস্থ্য, পুষ্টি ও পরিবার পরিকল্পনায় সচেতনতা বৃদ্ধি করে, পরিবারের আয় ব্যবস্থাপনায় ইতিবাচক প্রভাব ফেলে, শিক্ষিত মায়েদের সন্তানদের দারিদ্র্যের ঝুঁকি তুলনামূলকভাবে কম।

**জলবায়ু অভিযোজন ও প্রশমনের উপর প্রভাব**: উপকূলীয় অঞ্চলে নির্মিত সাইক্লোন সেন্টার কাম বিদ্যালয় দুর্যোগকালীন সময়ে আশ্রয়কেন্দ্র হিসেবে ব্যবহৃত হচ্ছে, যা জলবায়ু পরিবর্তনজনিত অভিঘাত অভিযোজনের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। এছাড়া জলবায়ু পরিবর্তনের কারণে ক্ষতিগ্রস্ত এলাকায় মেরামত সংক্রান্ত খাত হতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। প্রশিক্ষণের মাধ্যমে বন্যা, ঘূর্ণিঝড়, জলোচ্ছ্বাস, বজ্রপাত ও তাপদাহ বিষয়ে প্রাথমিক জ্ঞান দেয়া, নিরাপদ আশ্রয়, আগাম সতর্কতা ও জীবনরক্ষাকারী আচরণ শেখানো, দুর্যোগকালীন মৃত্যুঝুঁকি ও ক্ষয়ক্ষতি কমাতে সহায়তা করা, ভবিষ্যতে জলবায়ু-সহনশীল জীবিকা গ্রহণের সক্ষমতা তৈরি করা হচ্ছে।

### ৩.১.২ মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** প্রাথমিক শিক্ষার মান উন্নয়নে আইসিটিসহ বিশেষ করে ইংরেজি ও গণিত বিষয়ে শিক্ষকদের বিভিন্ন ধরনের প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। এতে শিক্ষকদের আইসিটি ও ইংরেজিতে দক্ষতা বৃদ্ধি পাচ্ছে যা তাদের পেশা জীবনের বাইরে অবসর সময়ে অতিরিক্ত আয়ের সুযোগ সৃষ্টি করছে। তাছাড়া, প্রাথমিক শিক্ষার অবকাঠামো উন্নয়নের ফলে নতুন নতুন কর্মসংস্থান সৃষ্টি হবে। এসব কর্মসূচি দারিদ্র্য নিরসনে প্রত্যক্ষ ভূমিকা রাখবে।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** প্রাথমিক শিক্ষার মান উন্নয়নের লক্ষ্যে গৃহীত বিভিন্ন কর্মসূচির মধ্যে অন্যতম হচ্ছে শিক্ষক প্রশিক্ষণ। বছরে গড়ে ১৫০০০ শিক্ষক মৌলিক (বি.টি.পি.টি) প্রশিক্ষণ পাচ্ছেন। প্রতিবছর শিক্ষকদের আইসিটিসহ বিষয়ভিত্তিক নিয়মিত প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। এতে পাঠদানে শিক্ষক বিশেষ করে নারী শিক্ষকদের দক্ষতা বৃদ্ধি পাচ্ছে। এ সকল কর্মসূচির মাধ্যমে নারীর সামাজিক মর্যাদা বৃদ্ধি, আয়বর্ধনসহ সমাজের সকল ক্ষেত্রে নারীর অংশগ্রহণ বৃদ্ধি পাবে।

**জলবায়ু অভিযোজন ও প্রশমনের উপর প্রভাব:** জলবায়ু পরিবর্তন নিয়ে প্রাথমিক বিদ্যালয়ের পাঠ্যপুস্তকে অধ্যায় সংযুক্ত করা আছে, যা পঠন ও অনুশীলনের মাধ্যমে শিক্ষার্থীরা জলবায়ু পরিবর্তন সম্পর্কে ধারণা লাভ করছে।

### ৩.১.৩ উপানুষ্ঠানিক শিক্ষা সম্প্রসারণ ও নিশ্চিতকরণ

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** সাক্ষরতা কার্যক্রমের আওতায় দেশের প্রায় ৪৫ লক্ষ ১৫-৪৫ বছর বয়সী নারী-পুরুষকে সাক্ষরতা প্রদানের কার্যক্রম সফলভাবে সমাপ্ত হয়েছে। এ উপানুষ্ঠানিক কার্যক্রমের মাধ্যমে ৪৫ লক্ষ নিরক্ষর জনগোষ্ঠীকে মৌলিক সাক্ষরতা

ও জীবন দক্ষতাভিত্তিক শিক্ষা প্রদান করার কার্যক্রম ইতোমধ্যে সমাপ্ত হয়েছে। ৪৫ লক্ষ শিক্ষার্থীর মধ্যে ৪৪ লক্ষ ৬০ হাজার শিক্ষার্থীকে সাক্ষরতা প্রদান কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। এছাড়া, কক্সবাজার জেলায় 'বিদ্যালয় বহির্ভূত কিশোর-কিশোরীদের জন্য দক্ষতাকেন্দ্রিক সাক্ষরতা (SKILFO)' পাইলট প্রকল্প বাস্তবায়িত হয়েছে। প্রকল্পের আওতায় কক্সবাজার জেলার ০৮ উপজেলায় সর্বমোট ৬৮২৫ জন কিশোর-কিশোরীকে ১৩টি ট্রেডে দক্ষতাভিত্তিক সাক্ষরতা প্রদানের কার্যক্রম গত ৩০ জুন ২০২৫ তারিখ সম্পন্ন করা হয়েছে। উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র নিজস্ব জনবলের মাধ্যমে ৬৪টি জেলার প্রতিটিতে ১টি করে মোট ৬৪টি উপজেলায় "বিদ্যালয় বহির্ভূত শিশুদের জন্য বিকল্প শিক্ষার সুযোগ "Alternative Learning Opportunity for Out of School Children (ALO)" শীর্ষক প্রকল্প বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ প্রকল্পের আওতায় বিদ্যালয় বহির্ভূত ১০-১৪ বছর বয়সী ১৯২০০ জন শিশু ও কিশোর-কিশোরীদের জন্য ৫ম গ্রেড পর্যন্ত মৌলিক শিক্ষা প্রকল্প, ১৫-২৪ বছর বয়সী ১৯,২২০ জনকে জীবিকায়ন দক্ষতা প্রশিক্ষণ প্রদান করা হবে। উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র আওতায় কক্সবাজার জেলায় বাস্তবায়নাধীন "বিদ্যালয় বহির্ভূত কিশোর-কিশোরীদের জন্য দক্ষতা কেন্দ্রিক সাক্ষরতা (SKILFO)" এর সাথে সামঞ্জস্য রেখে, প্রাথমিকভাবে দেশের ৮টি বিভাগের ১৬টি জেলার ৮টি সিটি কর্পোরেশন, ৫৬টি উপজেলা এবং সংশ্লিষ্ট ৩৪টি পৌরসভা এলাকায় এর পরিধি সম্প্রসারণের লক্ষ্যে দ্বিতীয় পর্যায়ে SKILFO: Skills Focused Literacy Project গ্রহণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ প্রকল্পের আওতায় বিদ্যালয় বহির্ভূত ১০-১৭ বছর বয়সী এবং ১৮-২৪ বছর বয়সী মোট ১,০০,০০০ জনকে মৌলিক শিক্ষা এবং জীবিকায়ন দক্ষতা প্রশিক্ষণ প্রদান করা হবে। উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর নিয়মিত কার্যক্রমের অংশ হিসেবে 'কার্যকর সাক্ষরতা ও ব্যবহারিক কর্মদক্ষতা প্রশিক্ষণ (প্রাক-বৃত্তিমূলক পর্যায়)' শীর্ষক কোর্স বাস্তবায়নে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র নিজস্ব জনবলের মাধ্যমে প্রাথমিকভাবে (এপ্রিল-সেপ্টেম্বর ২০২৫) দেশের ৬৪ জেলার নির্বাচিত ৬৪টি উপজেলায় সীমিত আকারে বাস্তবায়ন করা হচ্ছে। এ কোর্সের আওতায় আনুমানিক ৫,১২০ জন শিক্ষার্থীকে কার্যকর সাক্ষরতা ও ব্যবহারিক কর্মদক্ষতা প্রশিক্ষণ প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** বাস্তবায়ন নির্দেশিকা মোতাবেক সাক্ষরতা ও দক্ষতাভিত্তিক প্রশিক্ষণ কার্যক্রমের সুফল ভোগীর ৫০ শতাংশ নারী হওয়ার বাধ্যবাধকতা রয়েছে। ফলে এ কর্মসূচি নারীর অর্থনৈতিক উন্নয়নের উপর ব্যাপক প্রভাব রাখবে এবং শিক্ষা বঞ্চিত নারীদের সামাজিক মর্যাদা বৃদ্ধি ও আয়বর্ধন কর্মে নারীর অংশগ্রহণ বৃদ্ধিতে ভূমিকা রাখবে।

**জলবায়ু অভিযোজন ও প্রশমনের উপর প্রভাব**: : জলবায়ু পরিবর্তনের বিষয়ের উপর ধারণা প্রদানের মাধ্যমে জলবায়ু পরিবর্তনের প্রভাব, করণীয় ও কৌশল নির্ধারণে স্বাক্ষর জ্ঞানসম্পন্ন জনগোষ্ঠীর মধ্যে সচেতনতা বৃদ্ধি পাবে।

### ৩.১.৪ প্রাথমিক শিক্ষা ব্যবস্থাপনা বিকেন্দ্রীকরণ

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** বিদ্যালয় ম্যানেজিং কমিটির মাধ্যমে বিদ্যালয় পর্যায়ে কার্যক্রম গ্রহণ করা হয়েছে যেমন: স্লিপ, উপবৃত্তি, স্কুল ফিডিং ইত্যাদি। স্লিপ কার্যক্রমের মাধ্যমে বিদ্যালয় পর্যায়ে উন্নয়ন কার্যক্রমের সাথে স্থানীয় জনগণ সম্পৃক্ত থাকে বিধায় দারিদ্র্য নিরসনে ভূমিকা রাখছে। স্কুল ফিডিং এর মাধ্যমে স্থানীয় উদ্যোক্তা সৃষ্টিতে ভূমিকা রাখছে। বিশেষ করে, স্কুল মিলের প্রয়োজনীয় উপকরণ যেমন: বান, ডিম, দুধ ও কলা স্থানীয়ভাবে সংগ্রহ করা হয়, ফলে দারিদ্র্য নিরসনে সরাসরি ভূমিকা রাখছে।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** স্কুল ম্যানেজিং কমিটিতে একজন নারী অভিভাবক প্রতিনিধি থাকায় স্কুল পরিচালনায় নারীদের চিন্তা-চেতনার প্রতিফলন হচ্ছে।

**জলবায়ু অভিযোজন ও প্রশমনের উপর প্রভাব:** প্রাথমিক শিক্ষা বিকেন্দ্রীকরণের ফলে জলবায়ু পরিবর্তনের নিমিত্ত সরকারের গৃহীত বিভিন্ন কর্মসূচিতে স্থানীয় জনসাধারণের অংশগ্রহণ নিশ্চিত হচ্ছে।

## ৩.২ দারিদ্র্য নিরসন, নারী উন্নয়ন ও জলবায়ু পরিবর্তন সম্পর্কিত বরাদ্দ

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট ২০২৬-২৭ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|
| | | ২০২৭-২৮ | ২০২৭-২৮ |
| দারিদ্র্য নিরসন | ৪১৯০০,০৮,১১ | ৫৭৬৬৫,৭৬,৯১ | ৫৭৬৬৫,৭৬,৯১ |
| নারী উন্নয়ন | ২৭৬৯৬,৩৫,৮১ | ৩২৮৮১,৩৬,৫২ | ৩২৮৮১,৩৬,৫২ |

| বিবরণ | বাজেট ২০২৬-২৭ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|
| | | ২০২৭-২৮ | ২০২৭-২৮ |
| জলবায়ু পরিবর্তন | ২০৫১,০৫,০০ | ২২৫৬,১৫,৫০ | ২৪৮১,৭৭,০৫ |

## ৪.১ অগ্রাধিকার ব্যয় খাত/কর্মসূচিসমূহ (Priority Spending Areas/Programmes)

| অগ্রাধিকার ব্যয় খাত/কর্মসূচিসমূহ | সংশ্লিষ্ট মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য |
|---|---|
| **১. শিক্ষক-শিক্ষিকার দক্ষতা উন্নয়ন**<br>বর্তমানে শিক্ষক শিক্ষার্থীর অনুপাত কমিয়ে আনার লক্ষ্যে প্রতিবছর বিপুল সংখ্যক শিক্ষক নিয়োগ করা হচ্ছে। তবে শিক্ষক নিয়োগই একমাত্র বিষয় নয় বরং শিক্ষার গুণগতমান উন্নয়নের জন্য প্রয়োজন প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকমণ্ডলী। প্রাথমিক শিক্ষায় নিয়োজিত শিক্ষকদের বিটিপিটি, বিষয়ভিত্তিক ইত্যাদি বিভিন্ন প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে প্রশিক্ষিত করে শিক্ষার গুণগতমান উন্নয়নে প্রচেষ্টা গ্রহণ করা হয়েছে। এ বিবেচনায় প্রশিক্ষণ কর্মসূচিকে সর্বোচ্চ অগ্রাধিকার দেয়া হয়েছে। | • সার্বজনীন, একীভূত ও বৈষম্যহীন প্রাথমিক শিক্ষা সম্প্রসারণ<br>• মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ |
| **২. নতুন বিদ্যালয় স্থাপন, বিদ্যমান অবকাঠামো সম্প্রসারণ, পুনর্নির্মাণ, মেরামত ও সংস্কার**<br>শিশু-বান্ধব অবকাঠামো শিক্ষার গুণগতমান উন্নয়নে ব্যাপক ভূমিকা রাখে। তাছাড়া, জলবায়ু সংবেদনশীল অবকাঠামো জলবায়ু পরিবর্তনজনিত অভিঘাত মোকাবেলার সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে টেকসই শিক্ষা ব্যবস্থা নিশ্চিতকরণে সহায়তা করে। কয়েক যুগ পূর্বে নির্মিত বিদ্যালয়গুলোর অবকাঠামোসমূহ পুনর্নির্মাণ-মেরামত ও সংস্কারের মাধ্যমে শিশুদের জন্য শিশুবান্ধব অবকাঠামো নিশ্চিতকরণ প্রয়োজন। অধিক সংখ্যক শিশুকে বিদ্যালয়ে আসার সুযোগ প্রদানের জন্য পিইডিপি-৪ এর আওতায় ৫০০০০টি শ্রেণি কক্ষ নতুন করে নির্মাণ এবং ৫০০০টি স্কুলে বাউন্ডারি ওয়াল নির্মাণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে, বর্তমানে এ কার্যক্রম চলমান আছে। এছাড়া পৃথক ২টি প্রকল্পের মাধ্যমে আরো ৬৫০০০ শ্রেণিকক্ষ নির্মিত হচ্ছে। | • সার্বজনীন, একীভূত ও বৈষম্যহীন প্রাথমিক শিক্ষা সম্প্রসারণ<br>• মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ |
| **৩. স্কুল ফিডিং কর্মসূচি**<br>দরিদ্র প্রান্তিক পরিবারের ছাত্র-ছাত্রী, সুবিধাবঞ্চিত এবং জলবায়ু পরিবর্তনের কারণে ক্ষতিগ্রস্ত ছাত্র-ছাত্রীদেরকে শিক্ষাচক্রের সমাপ্তি, উপস্থিতির হার বৃদ্ধি, তাদের ঝরে পড়ার প্রবণতা রোধ এবং পুষ্টিমান নিশ্চিত করার লক্ষ্যে স্কুল ফিডিং কর্মসূচি চালু করা হয়েছে। দেশের ৩৪৯টি উপজেলায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ফিডিং কর্মসূচি ২য় পর্যায় চালুর উদ্যোগ গ্রহণ করা হয়েছে। | • সার্বজনীন, একীভূত ও বৈষম্যহীন প্রাথমিক শিক্ষা সম্প্রসারণ |
| **৪. দরিদ্র শিক্ষার্থীদেরকে উপবৃত্তি/শিক্ষা ভাতা প্রদান**<br>দরিদ্র ও প্রান্তিক পরিবারের ছাত্র-ছাত্রী, সুবিধাবঞ্চিত এবং জলবায়ু পরিবর্তনের কারণে ক্ষতিগ্রস্ত ছাত্র-ছাত্রীদেরকে শিক্ষাচক্রের সমাপ্তি, উপস্থিতির হার বৃদ্ধি এবং তাদের ঝরে পড়ার প্রবণতা রোধ করার লক্ষ্যে উপবৃত্তি এবং শিক্ষা ভাতা প্রদান করা হয়ে থাকে। এ শিক্ষা ভাতা, উপবৃত্তি প্রদানের ফলে নীট ভর্তি ও উপস্থিতির হার বৃদ্ধি এবং ঝরে পড়া ছাত্র-ছাত্রীর সংখ্যা হ্রাস পাবে। | • সার্বজনীন, একীভূত ও বৈষম্যহীন প্রাথমিক শিক্ষা সম্প্রসারণ |
| **৫. শিক্ষার্থীদের বিনামূল্যে স্কুল ড্রেস, ব্যাগ ও জুতা বিতরণ**<br>বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার অনুযায়ী ২০২৬-২৭ অর্থবছর হতে পর্যায়ক্রমে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সকল শিক্ষার্থীকে প্রতিবছর বিনামূল্যে স্কুল ড্রেস, ব্যাগ ও জুতা বিতরণ করা হবে যার ফলে ঝড়ে পরা শিক্ষার্থীর হার কমবে এবং প্রাথমিক শিক্ষা সমাপনীর হার বৃদ্ধি পাবে। | • সার্বজনীন, একীভূত ও বৈষম্যহীন প্রাথমিক শিক্ষা সম্প্রসারণ<br>• মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ |

| অগ্রাধিকার ব্যয় খাত/কর্মসূচিসমূহ | সংশ্লিষ্ট মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য |
|---|---|
| **৬. বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ**<br>প্রতি বছর ১ জানুয়ারি তারিখে প্রাক-প্রাথমিক থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত সরকারি বেসরকারি বিদ্যালয়ের সকল শিক্ষার্থীর মাঝে বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ করা হয়ে থাকে। | • সার্বজনীন, একীভূত ও বৈষম্যহীন প্রাথমিক শিক্ষা সম্প্রসারণ<br>• মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ |
| **৭. সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ফ্রি ওয়াই-ফাই চালু**<br>সরকারি প্রাথমিক বিদ্যালয় পর্যায়ে ইন্টারনেট সংযোগ স্থাপনের মাধ্যমে ফ্রি ওয়াই-ফাই চালু করা হবে। ফলে শিক্ষকগণ আইএফপি, ল্যাপটপ ও মাল্টিমিডিয়া প্রোজেক্টর ব্যবহারের মাধ্যমে শ্রেণিকক্ষে পাঠদানসহ যাবতীয় কার্যক্রম সম্পন্ন করতে পারবেন। ফ্রি ওয়াই-ফাই চালুর ফলে ইন্টারনেট ব্যবহারের মাধ্যমে শিক্ষার্থী ও শিক্ষকগণ আধুনিক প্রযুক্তিনির্ভর জ্ঞান অর্জন করতে সক্ষম হবে। | • প্রাথমিক শিক্ষা ব্যবস্থাপনা বিকেন্দ্রীকরণ এবং আইসিটি ও এআই ব্যবস্থাপনার প্রবর্তন |
| **৮. সকল প্রাথমিক বিদ্যালয়ে প্রাক-প্রাথমিক শিক্ষার প্রচলন**<br>গ্রাম ও শহরের মধ্যে শিক্ষার মানের বৈষম্য দূরীকরণের লক্ষ্যে এবং প্রাথমিক শিক্ষায় গুণগত মান অর্জনের লক্ষ্যে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রাক-প্রাথমিক শ্রেণি চালু করা হয়েছে। এ কারণে এ কর্মকাণ্ডকে অগ্রাধিকার দেয়া হয়েছে। | • সার্বজনীন, একীভূত ও বৈষম্যহীন প্রাথমিক শিক্ষা সম্প্রসারণ |
| **৯. নিরক্ষরতা দূরীকরণ কার্যক্রম**<br>ক) উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর নিয়মিত কার্যক্রমের অংশ হিসেবে 'কার্যকর সাক্ষরতা ও ব্যবহারিক কর্মদক্ষতা প্রশিক্ষণ (প্রাক-বৃত্তিমূলক পর্যায়)' শীর্ষক কোর্স বাস্তবায়নে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র নিজস্ব জনবলের মাধ্যমে প্রাথমিকভাবে (সেপ্টেম্বর ২০২৫-মার্চ ২০২৬) দেশের ৫৮ জেলার নির্বাচিত ৫৮টি উপজেলায় সীমিত আকারে বাস্তবায়ন করা হচ্ছে। এ কোর্সের আওতায় আনুমানিক ৪,৪৪০ জন শিক্ষার্থীকে কার্যকর সাক্ষরতা ও ব্যবহারিক কর্মদক্ষতা প্রশিক্ষণ প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।<br>খ) উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র নিজস্ব জনবলের মাধ্যমে ৬৪টি জেলার প্রতিটিতে ১টি করে মোট ৬৪টি উপজেলায় "বিদ্যালয় বহির্ভূত শিশুদের জন্য বিকল্প শিক্ষার সুযোগ "বিদ্যালয় বহির্ভূত শিশুদের জন্য বিকল্প শিক্ষার সুযোগ "Alternative Learning Opportunity for Out of School Children (ALO)" শীর্ষক প্রকল্প বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ প্রকল্পের আওতায় বিদ্যালয় বহির্ভূত ১০-১৪ বছর বয়সী ১৯২০০ জন শিশু ও কিশোর-কিশোরীদের জন্য ৫ম গ্রেড পর্যন্ত মৌলিক শিক্ষা প্রকল্প এবং ১৫-২৪ বছর বয়সী ১৯,২০০ জনকে জীবিকায়ন দক্ষতা প্রশিক্ষণ প্রদান প্রদান করা হবে।<br>গ) "বিদ্যালয় বহির্ভূত কিশোর-কিশোরীদের জন্য দক্ষতা কেন্দ্রিক সাক্ষরতা Skill Focused Literacy Out of School Adolescents (SKILFO)" প্রকল্পের দ্বিতীয় পর্যায়ে SKILFO: Skills Focused Literacy Project প্রকল্পটি দেশের ৮টি বিভাগের ১৬টি জেলার ৮টি সিটি কর্পোরেশন, ৫৬টি উপজেলা এবং সংশ্লিষ্ট ৩৪টি পৌরসভা এলাকায় সম্প্রসারণ করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ প্রকল্পের আওতায় বিদ্যালয় বহির্ভূত ১০-১৭ বছর বয়সী এবং ১৮-২৪ বছর বয়সী মোট ১,০০,০০০ জনকে মৌলিক শিক্ষা এবং জীবিকায়ন দক্ষতা প্রশিক্ষণ প্রদান করা হবে। | • উপানুষ্ঠানিক শিক্ষা সম্প্রসারণ ও নিশ্চিতকরণ |

## ৪.২ মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপণ (২০২৬-২৭ হতে ২০২৮-২৯)

### ৪.২.১ দপ্তর/সংস্থা/প্রাতিষ্ঠানিক ইউনিটওয়ারী ব্যয়

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | বাজেট ২০২৬-২৭ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|
| | ২০২৫-২৬ | | | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| সচিবালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | ৫৮৫৩,৫৫,০০ | ১৮২,৪০,৫৯ | ১৮৪৮৩,০০,৪৮ | ২৫০৫৩,২১,৬১ | ৩২৫৮৩,৮১,০০ |

| বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | বাজেট ২০২৬-২৭ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|
| | ২০২৫-২৬ | | | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| প্রধান কার্যালয়, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | ৮১২৬,৪৯,০০ | ১০০৮৩,৭৩,৯৪ | ৫৬৮৩,৪১,৫২ | ৪২৭১,৫৪,৩৯ | ২৮৭৩,৬৯,০০ |
| বিভাগীয় প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়সমূহ | ১০,৯৮,০০ | ১০,৭৭,৭৫ | ১২,৯৪,০০ | ১৩,৬৫,০০ | ১৪,৪০,০০ |
| জেলা প্রাথমিক শিক্ষা অফিসসমুহ | ৬০,১৬,০০ | ৫৯,২১,৩৬ | ৭৭,৬৫,০০ | ৮১,৯২,০০ | ৮৬,৪৩,০০ |
| উপজেলা শিক্ষা অফিসসমূহ | ৩৫৬,৮১,০০ | ৩৫২,৬৯,৩৯ | ৪০২,৭২,০০ | ৪২৪,৮৭,০০ | ৪৪৮,২৪,০০ |
| মেট্রোপলিটান থানা শিক্ষা অফিসসমূহ | ১৭,৯৯,০০ | ১৭,৫৪,৯২ | ১৮,৯৭,০০ | ২০,০১,০০ | ২১,১১,০০ |
| উপজেলা রিসোর্স সেন্টারসমূহ | ১০৬,২০,০০ | ১০৪,৫৯,৬০ | ১২১,৯৭,০০ | ১২৮,৬৮,০০ | ১৩৫,৭৬,০০ |
| থানা রিসোর্স সেন্টারসমূহ | ৬,৬৮,০০ | ৬,৫৪,৮৭ | ৬,৭০,০০ | ৭,০৭,০০ | ৭,৪৬,০০ |
| প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউটসমূহ | ১১৮,৭৫,০০ | ১১৬,০৯,৮২ | ১৪০,২৮,০০ | ১৪৮,০০,০০ | ১৫৬,১৪,০০ |
| সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহ | ২০৬০৫,৩৮,০০ | ২০৭০৫,৭৩,৭৬ | ২১৬৮৩,৪৮,০০ | ২২৯১৩,৫৩,০০ | ২৪১৭৩,৭৭,০০ |
| প্রধান কার্যালয়, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো | ৭৮,৪৫,৩৫ | ৩৪,৪৮,০০ | ৩৬,৪৯,০০ | ৩৫,৬৫,০০ | ৩৭,৬২,০০ |
| জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর কার্যালয়সমূহ | ১৮,৩১,০০ | ১৮,১৯,৫০ | ১৯,৯৬,০০ | ২০,৩৭,০০ | ২১,৪৯,০০ |
| উপজেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর কার্যালয়সমূহ | ৪৩,২৪,৬৫ | ২৬,৭৮,৩০ | ৫০,৩৪,০০ | ৫৬,৬৪,০০ | ৫৯,৭৫,০০ |
| **সর্বমোট :** | **৩৫৪০৩,০০,০০** | **৩১৭১৮,৮১,৮০** | **৪৬৭৩৭,৯২,০০** | **৫৩১৭৫,১৫,০০** | **৬০৬১৯,৬৭,০০** |

## ৪.২.২ অর্থনৈতিক গ্রুপ কোড অনুযায়ী ব্যয়

(হাজার টাকায়)

| অর্থনৈতিক গ্রুপ কোড | বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | বাজেট ২০২৬-২৭ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|
| | | ২০২৫-২৬ | | | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| | **আবর্তক ব্যয়** | | | | | |
| ৩১১১ | নগদ মজুরি ও বেতন | ২০১২৮,৫৬,৭৪ | ২০৭৬৪,৮১,৪৬ | ২১২৫৬,৩১,৯৪ | ২২৪২৫,৬৬,৮১ | ২৩৬৫৫,৪৫,৭১ |
| ৩২১১ | প্রশাসনিক ব্যয় | ১০৭০,৮৩,৯৭ | ৯৬৭,৮০,৭১ | ১১০৮,৭৯,১১ | ১১৬১,৯৯,৭৮ | ১২১৭,৯৫,১৩ |
| ৩২২১ | ফি, চার্জ ও কমিশন | ৩৭,৫৯,৬১ | ৬০,১২,৯৩ | ১০১,৭৭,৯৬ | ১০৭,৬৮,১২ | ১১১,৫৫,৭৮ |
| ৩২৩১ | প্রশিক্ষণ | ৯১,০৭,২৯ | ২৯১,৬৬,৮২ | ৬৫,১২,৮৩ | ৬০,৬৫,৭২ | ৪৩,০৫,২৬ |
| ৩২৪৩ | পেট্রোল, অয়েল ও লুব্রিকেন্ট | ৩,০৮,৪০ | ১৯,৯২,১৪ | ১,৬১,৮৫ | ১,৭৪,০৯ | ১,৭০,১০ |
| ৩২৪৪ | ভ্রমণ ও বদলি | ৫৩,৭৫,৩৯ | ৪৬,১৪,৯০ | ৫৭,৯২,৬৪ | ৬২,৩০,২১ | ৬৬,৫৯,৮৩ |
| ৩২৫২ | চিকিৎসা ও শল্য চিকিৎসা সরঞ্জামাদি সরবরাহ | ১৫,২৯,০০ | ১৪,৫৭,০০ | ২২,৫৬,২৮ | ২১,৮৪,৭০ | ০ |
| ৩২৫৩ | জনশৃঙ্খলা ও নিরাপত্তা সামগ্রী সরবরাহ | ৩২,৫০ | ৫৪,০৭ | ২৫,০০ | ২৮,০০ | ২৮,০০ |
| ৩২৫৪ | খাদ্য সরবরাহ | ২১৩২,৪৬,৫৪ | ১০৬০,০০,০০ | ২১৬১,৯৫,৫২ | ১০৫৯,১৩,২১ | ০ |
| ৩২৫৫ | মুদ্রণ ও মনিহারি | ৭৭১,৭২,৮১ | ৬৪৮,৪০,৫৯ | ৬৬৪,০১,৮২ | ৭১১,১২,১৫ | ৭৪৯,৫৬,৭৮ |
| ৩২৫৬ | সাধারণ সরবরাহ ও কাঁচামাল সামগ্রী | ২,৯৮,৮০ | ৬,৬৩,৫৬ | ৭,২৫,১০ | ১,৫৯,৫৯ | ১,৭১,৫৩ |
| ৩২৫৭ | পেশাগত সেবা, সম্মানী ও বিশেষ ব্যয় | ৪৮২,১৯,৫৫ | ২৭৩,৯৯,৮৫ | ৯০,৯৮,৩৬ | ৭২,৮৩,৪৬ | ৭৫,৭০,১২ |
| ৩২৫৮ | মেরামত ও সংরক্ষণ | ১২৩,৮২,৯২ | ৩১৭,২৩,৩৫ | ৯৬,৮৬,৩৩ | ১০১,৬০,১৫ | ১০৭,৬৫,৫৪ |
| ৩৬৩১ | আবর্তক অনুদান | ৮০,৯৯,৫০ | ৮১,৮৪,৫৯ | ৮১,৩৬,৬৫ | ৮৪,২২,৬৯ | ৮৮,৩২,৬৯ |
| ৩৬৩২ | মূলধন অনুদান | ৫২,০০ | ৩৩,৫০ | ২৬,০০ | ২৮,৩১ | ২৮,৩১ |
| ৩৭২২ | অনগদ সামাজিক সহায়তা সুবিধাদি | ১৪৪,০০,০০ | ৩০,০০,০০ | ২০২,৮৩,৫০ | ০ | ০ |
| ৩৮২১ | আবর্তক স্থানান্তর যা অন্যত্র শ্রেণিবদ্ধ নয় | ১৭২৭,৩৫,০৬ | ১৪৭৪,৬৩,৫৪ | ১৭৩০,৫৪,৬৫ | ১৯২২,৫২,৪৭ | ২০২৮,৪৭,০৯ |
| ৩৯১১ | সংরক্ষিত | ৬২,১৫,৪৩ | ৫,০০ | ১৪০,৩২,৮৫ | ০ | ০ |
| | **মোট : - আবর্তক ব্যয়** | **২৬৯২৮,৭৫,৫১** | **২৬০৫৮,৭৪,০১** | **২৭৭৯০,৭৮,৩৯** | **২৭৭৯৫,৪৯,৪৬** | ২৮১৪৮,৩১,৮৭ |

| অর্থনৈতিক গ্রুপ কোড | বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | বাজেট ২০২৬-২৭ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|
| | | ২০২৫-২৬ | | | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| | **মূলধন ব্যয়** | | | | | |
| ৪১১১ | ভবন ও স্থাপনাসমূহ | ২০১৪,৪৫,২৪ | ৫০৮৬,৯০,৪৪ | ৫১৩,৭৬,২৯ | ৪৩১,৬৬,০৯ | ০ |
| ৪১১২ | যন্ত্রপাতি ও সরঞ্জামাদি | ৮৬৪,৭৮,৭৫ | ৫৭২,৯৯,৮৫ | ১৯৫,৯৭,৩৪ | ৮৭,১১,৩৪ | ৭,৮৯,৫৩ |
| ৪১১৩ | অন্যান্য স্থায়ী সম্পদ | ২৭,৫০ | ১৭,৫০ | ৪০,৫০ | ৩৪,৫০ | ৩৬,৬০ |
| ৪১৪১ | ভূমি | ০ | ০ | ০ | ০ | ০ |
| ৪৯১১ | সংরক্ষিত | ৫৫৯৪,৭৩,০০ | ০ | ১৮২৩৬,৯৯,৪৮ | ২৪৮৬০,৫৩,৬১ | ৩২৪৬৩,০৯,০০ |
| | **মোট : - মূলধন ব্যয়** | **৮৪৭৪,২৪,৪৯** | **৫৬৬০,০৭,৭৯** | **১৮৯৪৭,১৩,৬১** | **২৫৩৭৯,৬৫,৫৪** | ৩২৪৭১,৩৫,১৩ |
| | **সর্বমোট :** | **৩৫৪০৩,০০,০০** | **৩১৭১৮,৮১,৮০** | **৪৬৭৩৭,৯২,০০** | **৫৩১৭৫,১৫,০০** | ৬০৬১৯,৬৭,০০ |

## ৫.০ মন্ত্রণালয়/বিভাগের প্রধান কর্মকৃতি নির্দেশকসমূহ (Key Performance Indicators)

| নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৭ | | ৮ | ৯ | ১০ |
| ১. স্কুল ভর্তির হার (গ্রস) | ১ | % | ১০৫ | ১০৪.৫৩ | ১০৫ | | ১০৫ | ১০৫ | ১০৫ |
| ২. নীট ভর্তির হার | ১ | % | ৯৮ | ৯৭.৭৬ | ৯৮.৫ | | ৯৯ | ৯৯ | ৯৯ |
| ৩. উপস্থিতির হার | ১,২ | % | ৭৯ | ৮৩.৫ | ৮২ | | ৮২ | ৮৩ | ৮৬ |
| ৪. শিক্ষা সমাপনের হার | ১,২ | % | ৮৮ | ৮৬.৮৫ | ৯৬ | | ৯৭ | ৯৭ | ৯৮ |
| ৫. ৫ম শ্রেণি হতে ৬ষ্ঠ শ্রেণিতে উত্তরণের হার | ১,২ | % | ৯৪.৫ | ৯৪ | ৯৬ | | ৯৬ | ৯৬ | ৯৭ |
| ৬. ফ্রি ওয়াই-ফাই চালু (সরকারি প্রাথমিক বিদ্যালয়) | ৪ | % | | | | | ৮০ | ৮৫ | ৯০ |
| ৭. সাক্ষরতার হার (১৫+) | ৩ | % | ৭৫.৬ | ৭৫.৬ | ৭৬.৫ | | ৭৭.০০ | ৭৭.৫০ | ৭৮.৫০ |

** Bangladesh Sample Vital Statistics 2023 অনুযায়ী।

## ৬.০ অধিদপ্তর/সংস্থার সাম্প্রতিক অর্জন, কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক ও লক্ষ্যমাত্রা এবং ব্যয় প্রাক্কলন

### ৬.১ সচিবালয়

৬.১.১ **সাম্প্রতিক অর্জন:** জানুয়ারি মাসের ১ তারিখে সকল সরকারি/বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীকে বিনামূল্যে চার রঙে মুদ্রিত ইংরেজি ভার্সনসহ পাঠ্যপুস্তক সুষ্ঠুভাবে বিতরণ করা হয়েছে। শিশুদের পুষ্টিহীনতা ও স্বাস্থ্যঝুঁকি হ্রাস এবং শ্রেণিকক্ষে মনোযোগী করতে ১৫০টি উপজেলায় ১৯,৪৯০টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৩১,৩০,০০০ জন শিক্ষার্থীর জন্য স্কুল ফিডিং কার্যক্রম চালু হয়েছে। কক্সবাজার ও বান্দরবান জেলায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের পুষ্টিহীনতা দূরীকরণ ও শ্রেণিকক্ষে মনোযোগ বৃদ্ধির লক্ষ্যে খাবার সরবরাহ করার জন্য একটি প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে। ৮৯,৮৪,৩৭৩ জন শিক্ষার্থীর মাঝে ১৫২১,৩১,৫৭,৮০০ টাকা উপবৃত্তি প্রদান করা হয়েছে। শিক্ষকদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে নতুন ১২টি পিটিআই স্থাপন করা হয়েছে এবং কক্সবাজারে লিডারশীপ ট্রেনিং সেন্টারে প্রশিক্ষণ কার্যক্রম চালু করা হয়েছে। ৬৫৫৬৯টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের পদ জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ১১তম গ্রেড হতে ১০ম গ্রেড এ উন্নীত করা হয়েছে। সারাদেশের সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র/ছাত্রীদের অংশগ্রহণে গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ এবং আন্তর্জাতিক সাক্ষরতা দিবস অত্যন্ত সফলভাবে পালন করা হয়েছে।

### ৬.১.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা:

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| প্রযোজ্য নয়। | | | | | | | | | | |

### ৬.১.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৪-২৫ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| পরিচালন কার্যক্রম | | | | | | | |
| সাধারণ কার্যক্রম | | | | | | | |
| ১২৪০১০১ - সচিবালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | | ১৪,৫৩,১০ | ২৬,৬২,০০ | ২৩,৪৮,৩৪ | ৩২,৭৮,৩৫ | ২৯,৮২,০০ | ৩২,০১,০০ |
| মোট : সাধারণ কার্যক্রম | | **১৪,৫৩,১০** | **২৬,৬২,০০** | **২৩,৪৮,৩৪** | **৩২,৭৮,৩৫** | **২৯,৮২,০০** | **৩২,০১,০০** |
| বিশেষ কার্যক্রম | | | | | | | |
| ১২০০০১৪১২ - শিক্ষা সপ্তাহ | - | ৫২,১৭ | ৫০,০০ | ৫০,০০ | ৫৩,০০ | ৫৬,০০ | ৫৯,০০ |
| ১২০০০৮৪২১ - গবেষণা ও উদ্ভাবনী কার্যক্রম | | ০ | ১০,০০ | ০ | ১০,০০ | ১০,০০ | ১০,০০ |
| মোট : বিশেষ কার্যক্রম | | **৫২,১৭** | **৬০,০০** | **৫০,০০** | **৬৩,০০** | **৬৬,০০** | **৬৯,০০** |
| সহায়তা কার্যক্রম | | | | | | | |
| ১৩২০১১৬০০ - শিশু কল্যাণ  ট্রাস্ট | - | ৪৪,৯৩,১৫ | ৫২,৮৭,০০ | ৫২,৩০,০০ | ৪৯,২১,৬৫ | ৫৭,২৫,০০ | ৬০,৪০,০০ |
| ১৩৫০০২৪০০ - বাংলাদেশ স্কাউটস | | ০ | ১০,০০,০০ | ১০,০০,০০ | ১০,০০,০০ | ১০,০০,০০ | ১০,০০,০০ |
| মোট : সহায়তা কার্যক্রম | | **৪৪,৯৩,১৫** | **৬২,৮৭,০০** | **৬২,৩০,০০** | **৫৯,২১,৬৫** | **৬৭,২৫,০০** | **৭০,৪০,০০** |
| মোট : পরিচালন কার্যক্রম | | **৫৯,৯৮,৪২** | **৯০,০৯,০০** | **৮৬,২৮,৩৪** | **৯২,৬৩,০০** | **৯৭,৭৩,০০** | **১০৩,১০,০০** |
| উন্নয়ন কার্যক্রম | | | | | | | |
| বার্ষিক উন্নয়ন কর্মসূচি | | | | | | | |
| ২২১০০০১২৪ - প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অননুমোদিত প্রকল্পের জন্য সংরক্ষিত | - | ০ | ৫৫৯৪,৭৩,০০ | ০ | ১৮২৩৬,৯৯,৪৮ | ২৪৮৬০,৫৩,৬১ | ৩২৪৬৩,০৯,০০ |
| ২২৪২৯৪৩০০ - প্রাথমিক বিদ্যালয়সমূহে কাব স্কাউটিং সম্প্রসারণ (চতুর্থ পর্যায়) (১ম সংশোধিত) (০১/০৭/২০১৯ -৩০/০৬/২০২৭) অনুমোদিত | ১-৩ | ৪২,৪৭,৭১ | ১৫৫,০৮,০০ | ৮৩,১১,০০ | ১৩৭,৫৫,০০ | ৭৮,২৫,০০ | ০ |
| মোট : বার্ষিক উন্নয়ন কর্মসূচি | | **৪২,৪৭,৭১** | **৫৭৪৯,৮১,০০** | **৮৩,১১,০০** | **১৮৩৭৪,৫৪,৪৮** | **২৪৯৩৮,৭৮,৬১** | **৩২৪৬৩,০৯,০০** |
| মোট : উন্নয়ন কার্যক্রম | | **৪২,৪৭,৭১** | **৫৭৪৯,৮১,০০** | **৮৩,১১,০০** | **১৮৩৭৪,৫৪,৪৮** | **২৪৯৩৮,৭৮,৬১** | **৩২৪৬৩,০৯,০০** |
| মোট : | | **১০২,৪৬,১৩** | **৫৮৩৯,৯০,০০** | **১৬৯,৩৯,৩৪** | **১৮৪৬৭,১৭,৪৮** | **২৫০৩৬,৫১,৬১** | **৩২৫৬৬,১৯,০০** |

## ৬.২ প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

### ৬.২.১ সাম্প্রতিক অর্জন:

- ভর্তির হার বৃদ্ধি পেয়ে বর্তমানে গ্রস ভর্তি ১০৪.৫৩%, নিট ভর্তি ৯৭.৭৬% হয়েছে। ঝরে পড়ার হার হ্রাস পেয়ে বর্তমানে ১৩.১৫% হয়েছে;
- ২০২৫ সালে  সকল প্রাথমিক বিদ্যালয়ে ৯,১৯,৫৪,৫২৭টি বই বিতরণ করা হয়েছে;
- গত অর্থবছরে ৬০৩৯ জন শিক্ষককে বিটিপিটি প্রশিক্ষণ দেয়া হয়েছে;
- বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে ৩০০০টি আইএফপি (ইন্টারঅ্যাক্টিভ ফ্ল্যাট প্যানেল), ৬২,০০০ মাল্টিমিডিয়া প্রোজেক্টর, ২৪,০০০ ল্যাপটপ এবং ২১,০০০ স্পিকার বিতরণ করা হয়েছে;

- ২০২৪-২০২৫ অর্থবছরে ১ কোটি ১৬ লক্ষ শিক্ষার্থীকে ১৩০০ কোটি ৮৭ লক্ষ টাকা উপবৃত্তি প্রদান করা হয়েছে;
- ৬৫,৫৩১টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৩৪৭ কোটি টাকা স্লিপ অনুদানে বরাদ্দ প্রদান করা হয়েছে;
- চলমান পিইডিপি ৪ এবং চাহিদাভিত্তিক সরকারি প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন (১ম পর্যায়) এর মাধ্যমে ১১৮৪৩টি অতিরিক্ত শ্রেণিকক্ষ, ২২৩৫টি ওয়াশব্লক এবং ৩১১৯টি নলকূপ নির্মাণ করা হয়েছে;
- সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ফিডিং কর্মসূচি চালু হয়েছে যার মাধ্যমে ১৯৪১৯টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৩.১৩ মিলিয়ন শিশুকে সপ্তাহে ৫ দিন পুষ্টিকর খাবার দেয়া হচ্ছে;
- চলমান "Pre-Primary and Primary Education Improvement Project in Cox's Bazar and Bandarban Districts and Bhasanchar of Noakhali" প্রকল্পের মাধ্যমে ১০৯৫টি সপ্রাবিতে স্কুল ফিডিং প্রদান, শিক্ষা ও আইসিটি উপকরণ, স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী বিতরণ এবং রোহিংগা শরনার্থী শিশুদের শিক্ষা সহায়তা প্রদান;
- কর্মঘন্টা বৃদ্ধির লক্ষ্যে Single Shift এর মাধ্যমে পাঠদান কার্যক্রম পরিচালনা করার লক্ষ্যে প্রস্তাবিত "সরকারি প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন প্রকল্প" পরিকল্পনা কমিশনের সবুজ পাতায় অন্তর্ভুক্ত হয়েছে;
- শিশু ভর্তি ও উপস্থিতি বৃদ্ধির জন্য ৮২টি বিদ্যালয় নতুনভাবে নির্মাণ/পুনর্নির্মাণ করার লক্ষ্যে প্রস্তাবিত "ঢাকা মহানগরীর সরকারি প্রাথমিক বিদালয়ের অবকাঠামো উন্নয়ন প্রকল্প" পরিকল্পনা কমিশনের সবুজ পাতায় অন্তর্ভুক্ত হয়েছে;
- ৪৫,০৫০টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৬৯.০০ লক্ষ শিশুদের সপ্তাহে ৫ দিন পুষ্টিকর খাবার প্রদানের মাধ্যমে অপুষ্টি হ্রাস, উপস্থিতি বৃদ্ধি ইত্যাদির জন্য প্রস্তাবিত "দেশের ৩৪৯টি উপজেলায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ফিডিং কর্মসূচি" প্রকল্পটি পরিকল্পনা কমিশনের সবুজ পাতায় অন্তর্ভুক্ত হয়েছে;
- প্রাক-প্রাথমিক এবং প্রাথমিক স্তরের সকল শিক্ষার্থীকে মানসম্পন্ন, অন্তর্ভুক্তিমূলক ও আকর্ষণীয় শিক্ষণ-শিখন কার্যক্রমে সম্পৃক্ত করা এবং তাদের শেখার অগ্রগতি নিয়মিতভাবে পর্যবেক্ষণ এবং সহায়তা করার লক্ষ্যে প্রস্তাবিত "নেক্সটজেন প্রাইমারি এডুকেশন প্রোগ্রাম" প্রকল্পটি পরিকল্পনা কমিশনের সবুজ পাতায় অন্তর্ভুক্ত হয়েছে;
- রাঙ্গামাটি, খাগড়াছড়ি এবং বান্দরবান জেলার বিদ্যুৎবিহীন ৬৮৪টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বিদ্যুৎ সরবরাহের মাধ্যমে পর্যাপ্ত আলো, বাতাস ও আধুনিক প্রযুক্তি ব্যবহারের সুযোগ সৃষ্টি করার লক্ষ্যে প্রস্তাবিত "পার্বত্য জেলাগুলোর বিদ্যুৎবিহীন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সৌরবিদ্যুৎ ও নিরাপদ পানি সরবরাহ প্রকল্প" প্রস্তাব করা হয়েছে যা পরিকল্পনা কমিশনের সবুজ পাতায় অন্তর্ভুক্ত হয়েছে;
- প্রাক-প্রাথমিক শিশুদের কাছে বিদ্যালয় আকর্ষণীয় করার লক্ষ্যে প্রস্তাবিত "নির্বাচিত সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রাক-প্রাথমিক শ্রেণিকক্ষ আকর্ষণীয়ভাবে সজ্জিতকরণ প্রকল্প" পরিকল্পনা কমিশনের সবুজ পাতায় অন্তর্ভুক্ত হয়েছে;
- সারাদেশের বিদ্যমান ৪৮৮টি মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং ১০টি সিটি কর্পোরেশন এলাকায় নির্বাচিত ৪৬টি সরকারি প্রাথমিক বিদ্যালয়সহ মোট ৫৩৪টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভৌত অবকাঠামো উন্নয়নের মাধ্যমে মানসম্পন্ন প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণের লক্ষ্যে প্রস্তাবিত "বিদ্যমান মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয় ও ১০টি সিটি কর্পোরেশনের নির্বাচিত সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অবকাঠামো উন্নয়ন প্রকল্প" পরিকল্পনা কমিশনের সবুজ পাতায় অন্তর্ভুক্ত হয়েছে।

### ৬.২.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগ | নিয়োগকৃত শিক্ষক | ১ | সংখ্যা (হাজার) | ১১.৯০ | ৬.৮ | ১১.৭ | ১৪.৫ | ১১.৮ | ১৩.৫ | ১১.৯ |

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ২. বিদ্যালয়ের শ্রেণীকক্ষ নির্মাণ, পুনর্নির্মাণ ও সম্প্রসারণ এবং বিদ্যালয় মেরামত ও সংস্কার | অতিরিক্ত নির্মিত শ্রেণিকক্ষ | ১ | সংখ্যা (হাজার) | ১২ | ১৬ | ২০ | ৯.৭ | ৫ | ৮ | ১০ |
| | মেরামত ও সংস্কারকৃত স্কুল | | | ১৫ | ২০ | ২০ | ২০ | ১৫ | ২০ | ২০ |
| ৩. ওয়াশ-ব্লক ও নলকূপ স্থাপন | নতুন নির্মিত ওয়াশ-ব্লক | ১ | সংখ্যা (হাজার) | ১০ | ১৬.৫ | ১০ | ১০ | ১২ | ১২ | ১২ |
| | স্থাপিত নলকূপ | | | ৩ | ৫ | ৩ | ৩ | ৩ | ৫ | ৭ |
| ৪. শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদান | উপবৃত্তি প্রাপ্ত ছাত্র-ছাত্রী | ১ | সংখ্যা (লক্ষ) | ১১৪.০০ | ১১৬.০০ | ১১৬.০০ | | ১১৬.০০ | ১১৬.০০ | ১১৬.০০ |
| ৫. স্কুল ফিডিং কার্যক্রম | স্কুল ফিডিং কর্মসূচির আওতাভূক্ত শিক্ষার্থী | ১ | সংখ্যা (লক্ষ) | ৩২ | ৩২ | ৩২ | ২৯.৬১ | ১০০ | ১০০ | ১০০ |
| ৬. সকল শিক্ষার্থীর জন্য বিনামূল্যে সময়মত পাঠ্য পুস্তক সরবরাহ | বিতরণকৃত পাঠ্য পুস্তক | ১ | সংখ্যা (কোটি) | ৯.৬ | ৯.১৯ | ১০ | | ৮.১২ | ৮.০০ | ৭.৯৫ |
| ৭. ৫ম শ্রেণির পাঠ শেষে বৃত্তি পরীক্ষা গ্রহণ | অংশগ্রহণকারী শিক্ষার্থী | ২ | % | ৪০ | ৪০ | ৯৮ | ৪০ | ৪০ | ৪০ | ৪০ |
| ৮. ওয়ান টিচার, ওয়ান ট্যাব | শিক্ষক | ২ | সংখ্যা | | | | | ৬৫০০০ | ১১৯০০০ | ২০০০০০ |
| ৯. বিনামূল্যে স্কুল ড্রেস, ব্যাগ ও জুতা বিতরণ | সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থী | ২ | সংখ্যা (লক্ষ) | | | | | ২০ | ১০৪ | ১০৬ |
| ১০. ওয়ান চাইল্ড, ওয়ান ট্রি কর্মসূচি বাস্তবায়ন | সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থী | ২ | সংখ্যা (লক্ষ) | | | | | ৪৫ | ৩০ | ২৫ |
| ১১. সহ-শিক্ষাক্রমিক কার্যক্রম ও স্বাস্থ্যসম্মত চর্চার অনুশীলন | সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থী | ২ | % | | | | | ১০০ | ১০০ | ১০০ |
| ১২. মানসম্মত পাঠদান নিশ্চিত করার লক্ষ্যে নিয়মিত বিদ্যালয় পরিদর্শন | বিদ্যালয় পরিদর্শন | ২ | সংখ্যা (লক্ষ) | ৩.০ | ৩.০ | ৩.৩ | ৩.০ | ৩.৪ | ৩.৪ | ৩.৪ |
| ১৩. প্রাথমিক পর্যায়ে আইসিটিভিত্তিক শিক্ষা কার্যক্রম প্রচলন | ল্যাপটপ ও মাল্টিমিডিয়া বিতরণকারী বিদ্যালয় | ২ | সংখ্যা হাজার | ৬২ | | ৬৫.৫ | | ১৩,১১৪ | ১৩,১১৪ | ১৩,১১৪ |
| ১৪. প্রাথমিক বিদ্যালয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট আয়োজন | ফুটবল টুর্নামেন্ট | ২ | অংশগ্রহণ কারী শিক্ষার্থী সংখ্যা | ২৩ | ২৩ | ২৩ | ২৩ | ২৮ | ২৮ | ২৮ |

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১৫. পেশাগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে কর্মকর্তা/শিক্ষকদের মানসম্পন্ন প্রশিক্ষণ প্রদান | বিদেশ হতে প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষক/কর্মকর্তা | ২ | সংখ্যা | - | | ১০০০ | | ৭৫ | ২৫০ | ২৫০ |
| ১৬. মা/অভিভাবক সমাবেশ আয়োজন | মা/অভিভাবক সমাবেশ | ২ | সংখ্যা | ১২ | ৬৪ | ৬৪ | | ৬৪ | ৬৪ | ৬৪ |
| ১৭. "এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস" প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস | ২ | সংখ্যা | ১০০০০ | | ১৫০০০০ | | ১০০০ | ১০০০ | ১০০০ |
| ১৮. ব্যবস্থাপনা বিকেন্দ্রীকরণের লক্ষ্যে School Level Improvement Plan (SLIP) বাস্তবায়ন | স্লিপ বরাদ্দ | ৪ | সংখ্যা | ৬৫৫৩১ | ৬৫৫৩৬ | ৬৫০০০ | ৬৫৫৩১ | ৬৫০০০ | ৬৫০০০ | ৬৫০০০ |
| ১৯. ফ্রি ওয়াই-ফাই চালু | সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহ ও মাঠ পর্যায়ের অফিসসমূহ | ৪ | % | | | | | ৮০ | ৮৫ | ৯০ |

* নোটঃ যে সকল কার্যক্রমের বিপরীতে মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা নেই সেগুলো প্রকল্পভিত্তিক কার্যক্রম এবং প্রকল্প সমাপ্তির শেষে কোন মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা নেই।

## ৬.২.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৪-২৫ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| পরিচালন কার্যক্রম | | | | | | | |
| সাধারণ কার্যক্রম | | | | | | | |
| ১২৪০২০১ - প্রধান কার্যালয়, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | ১-১৪ | ১০৮,৮৮,৬৫ | ১৬৯,৬৫,০০ | ১৪৮,৭৭,৩৫ | ৩০৬,৩৮,০০ | ১৮৮,৮২,০০ | ১৯৯,২০,০০ |
| ১২৪০২০২ - বিভাগীয় প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়সমূহ | ১-১৪ | ৫,৯২,৮৯ | ১০,৯৮,০০ | ১০,৭৭,৭৫ | ১২,৯৪,০০ | ১৩,৬৫,০০ | ১৪,৪০,০০ |
| ১২৪০২০৩ - জেলা প্রাথমিক শিক্ষা অফিসসমূহ | ১-১৪ | ৪৪,৪৭,৫৫ | ৬০,১৬,০০ | ৫৯,২১,৩৬ | ৭৭,৬৫,০০ | ৮১,৯২,০০ | ৮৬,৪৩,০০ |
| ১২৪০২০৪ - উপজেলা শিক্ষা অফিসসমূহ | ১-১৪ | ২৪৪,৯২,২৭ | ৩৫৬,৮১,০০ | ৩৫২,৬৯,৩৯ | ৪০২,৭২,০০ | ৪২৪,৮৭,০০ | ৪৪৮,২৪,০০ |
| ১২৪০২০৫ - মেট্রোপলিটান থানা শিক্ষা অফিসসমূহ | ১-১৪ | ১০,৩৫,১১ | ১৭,৯৯,০০ | ১৭,৫৪,৯২ | ১৮,৯৭,০০ | ২০,০১,০০ | ২১,১১,০০ |
| ১২৪০২০৬ - উপজেলা রিসোর্স সেন্টারসমূহ | ১-১৪ | ৮৬,২৭,৬২ | ১০৬,২০,০০ | ১০৪,৫৯,৬০ | ১২১,৯৭,০০ | ১২৮,৬৮,০০ | ১৩৫,৭৬,০০ |
| ১২৪০২০৭ - থানা রিসোর্স সেন্টারসমূহ | ১-১৪ | ৫,৪২,৭৮ | ৬,৬৮,০০ | ৬,৫৪,৮৭ | ৬,৭০,০০ | ৭,০৭,০০ | ৭,৪৬,০০ |
| ১২৪০২০৮ - প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউটসমূহ | ১-১৪ | ৭৯,৫৫,৯৫ | ১১৮,৭৫,০০ | ১১৬,০৯,৮২ | ১৪০,২৮,০০ | ১৪৮,০০,০০ | ১৫৬,১৪,০০ |
| ১২৪০২০৯ - সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহ | ১-১৪ | ১৫৭০৭,৮৮,২১ | ২০৬০৫,৩৮,০০ | ২০৭০৫,৭৩,৭৬ | ২১৬৮৩,৪৮,০০ | ২২৯১৩,৫৩,০০ | ২৪১৭৩,৭৭,০০ |
| মোট : সাধারণ কার্যক্রম | | **১৬২৯৩,৭১,০৩** | **২১৪৫২,৬০,০০** | **২১৫২১,৯৮,৮২** | **২২৭৭১,০৯,০০** | **২৩৯২৬,৫৫,০০** | **২৫২৪২,৫১,০০** |

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৪-২৫ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| বিশেষ কার্যক্রম | | | | | | | |
| ১২০০০১৪১৩ - বিনামূল্যে পাঠ্যপুস্তক মুদ্রণ ও বিতরণ | ৭ | ৩৬২,০৮,৬৫ | ৬২২,৭৬,০০ | ৫১০,০০,০০ | ৫৬০,০০,০০ | ৫৯০,৮০,০০ | ৬২৩,২৯,০০ |
| ১২০০০১৪১৫ - প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য উপবৃত্তি | ৪ | ২২৫১,২২,০০ | ১৬৭৫,৭৩,০০ | ১৪১১,০০,০০ | ১৬৭৬,০০,০০ | ১৮৬৫,১৩,০০ | ১৯৬৭,৭২,০০ |
| ১২০০০১৪১৬ - প্রাথমিক বৃত্তি পরীক্ষা | ৪ | ০ | ১০,০০,০০ | ৩৬,০৪,০০ | ৭৫,০০,০০ | ৭৯,১৩,০০ | ৮৩,৪৮,০০ |
| মোট : বিশেষ কার্যক্রম | | **২৬১৩,৩০,৬৫** | **২৩০৮,৪৯,০০** | **১৯৫৭,০৪,০০** | **২৩১১,০০,০০** | **২৫৩৫,০৬,০০** | **২৬৭৪,৪৯,০০** |
| মোট : পরিচালন কার্যক্রম | | **১৮৯০৭,০১,৬৮** | **২৩৭৬১,০৯,০০** | **২৩৪৭৯,০২,৮২** | **২৫০৮২,০৯,০০** | **২৬৪৬১,৬১,০০** | **২৭৯১৭,০০,০০** |
| উন্নয়ন কার্যক্রম | | | | | | | |
| বার্ষিক উন্নয়ন কর্মসূচি | | | | | | | |
| ২২৩০৫৭৫০০ - সাপোর্টিং পিইডিপি৫ প্রিপারেশন এন্ড ইমপ্লিমেন্টেশন রেডিনেস থ্রু লার্নিং এনহেন্সমেন্ট এন্ড এক্সিলেরেশন ইন প্রাইমারি এডুকেশন ইন বাংলাদেশ (লিপ বাংলাদেশ) (০১/০৯/২০২৫-২৮/০২/২০২৭) অনুমোদিত | | ০ | ০ | ৬,৮৫,৯১ | ৫,২৫,০০ | ০ | ০ |
| ২২৪০১০৫০০ - চাহিদাভিত্তিক সরকারি প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়) (০১/০৭/২০১৬ হতে ৩০/০৬/২০২৬) অনুমোদিত | ১,২ | ৬৭৬,১৬,১০ | ১০৮৫,০৪,০০ | ৯৩৪,৩০,৩০ | ০ | ০ | ০ |
| ২২৪২৩৭৯০০ - চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (পিইডিপি-৪) (১ম সংশোধিত) (০১/০৭/২০১৮ - ৩০/০৬/২০২৬) অনুমোদিত | ১-২ | ৬০৭৮,৭৪,৬৪ | ১৫৩৭,৪৯,০০ | ৫৩৪৯,৩৮,০০ | ০ | ০ | ০ |
| ২২৪৩০৫১০০ - ঢাকা মহানগরী ও পূর্বাচলে সরকারি প্রাথমিক বিদ্যালয় স্থাপন ও অবকাঠামো উন্নয়নসহ দৃষ্টিনন্দনকরণ (১ম সংশোধিত) (০১/০১/২০২০ - ৩০/০৬/২০২৭) অনুমোদিত | ১-২ | ৯৫,৩০,২৩ | ৪৫০,০০,০০ | ২৭১,২০,৩৮ | ৪০০,০০,০০ | ৪৫৭,৮১,৩৯ | ০ |
| ২২৪৪০৩২০০ - প্রি-প্রাইমারি এন্ড প্রাইমারি এডুকেশন ইমপ্রুভমেন্ট প্রোজেক্টস ইন কক্সবাজার এন্ড বান্দরবান ডিস্ট্রিক্টস এন্ড ভাসানচর অব নোয়াখালী (০১/০৭/২০২৪ - ৩০/০৬/২০২৭) | ১-২ | ০ | ৪১১,৭৭,০০ | ৩২৪,৫৭,০০ | ৪৬২,২৭,০০ | ০ | ০ |
| ২২৪৪০৮১০০ - সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ফিডিং কর্মসূচি (০১/০১/২০২৫ - ৩১/১২/২০২৭) | | ০ | ২১৬৪,০৫,০০ | ১০৯১,৬১,০০ | ২১৯৮,৫১,৫২ | ১০৮৯,৮৫,০০ | ০ |
| মোট : বার্ষিক উন্নয়ন কর্মসূচি | | **৬৮৫০,২০,৯৭** | **৫৬৪৮,৩৫,০০** | **৭৯৭৭,৯২,৫৯** | **৩০৬৬,০৩,৫২** | **১৫৪৭,৬৬,৩৯** | **০** |
| মোট : উন্নয়ন কার্যক্রম | | **৬৮৫০,২০,৯৭** | **৫৬৪৮,৩৫,০০** | **৭৯৭৭,৯২,৫৯** | **৩০৬৬,০৩,৫২** | **১৫৪৭,৬৬,৩৯** | **০** |
| মোট : | | **২৫৭৫৭,২২,৬৫** | **২৯৪০৯,৪৪,০০** | **৩১৪৫৬,৯৫,৪১** | **২৮১৪৮,১২,৫২** | **২৮০০৯,২৭,৩৯** | **২৭৯১৭,০০,০০** |

## ৬.৩ উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো

৬.৩.১ **সাম্প্রতিক অর্জন:** দেশের ১৫-৪৫ বছর বয়সী ৪৪.৬ লক্ষ নিরক্ষর জনগোষ্ঠীকে স্বাক্ষর জ্ঞানসম্পন্ন করে তোলার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এসকল নব্য স্বাক্ষর জ্ঞানসম্পন্ন জনগোষ্ঠীকে বিভিন্ন কর্মে দক্ষ করে তোলার জন্য কার্যক্রম গ্রহণ করা হয়েছে। বিদ্যালয় বর্হিভূত ৮-১৪ বছর বয়সী ১০ লক্ষ শিক্ষার্থীকে উপানুষ্ঠানিক শিক্ষা পদ্ধতির মাধ্যমে প্রাথমিক শিক্ষাকাল সম্পন্ন করে শিক্ষার মূলধারায় সম্পৃক্ত করার কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। বিদ্যালয় বহির্ভূত ১৪-১৮ বছর বয়সী কিশোর-কিশোরীদের জন্য দক্ষতা কেন্দ্রিক সাক্ষরতা শীর্ষক কক্সবাজার জেলায় ১৮ মাস মেয়াদি একটি বিশেষ কার্যক্রমের আওতায় ৬৮২৫ জন শিক্ষার্থীর বিভিন্ন ট্রেডের প্রশিক্ষণ কার্যক্রম গত ৩০ জুন ২০২৫ তারিখ সম্পন্ন হয়েছে।

### ৬.৩.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক ও নির্দেশকের লক্ষ্যমাত্রাঃ

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. বিদ্যালয় বহির্ভূত কিশোর-কিশোরীদের জন্য দক্ষতা কেন্দ্রিক সাক্ষরতা | Pre-voc কোর্স সম্পন্নকারী কিশোর-কিশোরী | ৩ | জন | ৩৪১৩ | ৫২৬ | ৪৪০০ | ৪৪০০ | ২০০০০ | ১০০০০ | ২০০০০ |
| ২. বিদ্যালয় বহির্ভূত শিশুদের জন্য বিকল্প শিক্ষার সুযোগ | ১০বছর ১৪-বয়সী শিশুদের মৌলিক শিক্ষা ও১৫-বছর ২৫ বয়সী কিশোর-কিশোরীদের Pre-voc কোর্স সম্পন্নকরণ | ৩ | জন | | | | | ৭৬৮০ | ১৫৩৬০ | ১৪৯৬০ |
| ৩. 'কার্যকর সাক্ষরতা ও ব্যবহারিক কর্মদক্ষতা প্রশিক্ষণ বৃত্তিমূলক -প্রাক) (পর্যায়' শীর্ষক কোর্স বাস্তবায়ন | | ৩ | জন | | | | | ৪৪০০ | ৪৪০০ | |

### ৬.৩.৩ অপারেশন ইউনিট, কর্মসূচি এবং প্রকল্পওয়ারি মধ্য মেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৩-২৪ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| পরিচালন কার্যক্রম | | | | | | | |
| সাধারণ কার্যক্রম | | | | | | | |
| ১২৪০৩০১ - প্রধান কার্যালয়, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো | ১-৩ | ১০,৪০,৪৭ | ৭৮,৪৫,৩৫ | ১৮,৪৮,০০ | ২২,৪৯,০০ | ২০,৮৮,০০ | ২২,০৩,০০ |
| ১২৪০৩০২ - জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর কার্যালয়সমূহ | ১-৩ | ১৩,৭৬,৫৩ | ১৮,৩১,০০ | ১৮,১৯,৫০ | ১৯,৯৬,০০ | ২০,৩৭,০০ | ২১,৪৯,০০ |
| ১২৪০৩০৩ - উপজেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর কার্যালয়সমূহ | ১-৩ | ০ | ৪৩,২৪,৬৫ | ২৬,৭৮,৩০ | ৫০,৩৪,০০ | ৫৬,৬৪,০০ | ৫৯,৭৫,০০ |
| মোট : সাধারণ কার্যক্রম | | **২৪,১৭,০০** | **১৪০,০১,০০** | **৬৩,৪৫,৮০** | **৯২,৭৯,০০** | **৯৭,৮৯,০০** | **১০৩,২৭,০০** |
| বিশেষ কার্যক্রম | | | | | | | |
| ১২০০০১৪১৭ - কার্যকর সাক্ষরতা ও ব্যবহারিক কর্মদক্ষতা প্রশিক্ষণ (প্রাক-বৃত্তিমূলক পর্যায়) | | ০ | ০ | ১৬,০০,০০ | ১৪,০০,০০ | ১৪,৭৭,০০ | ১৫,৫৯,০০ |
| মোট : বিশেষ কার্যক্রম | | **০** | **০** | **১৬,০০,০০** | **১৪,০০,০০** | **১৪,৭৭,০০** | **১৫,৫৯,০০** |
| মোট : পরিচালন কার্যক্রম | | **২৪,১৭,০০** | **১৪০,০১,০০** | **৭৯,৪৫,৮০** | **১০৬,৭৯,০০** | **১১২,৬৬,০০** | **১১৮,৮৬,০০** |
| মোট : | | **২৪,১৭,০০** | **১৪০,০১,০০** | **৭৯,৪৫,৮০** | **১০৬,৭৯,০০** | **১১২,৬৬,০০** | **১১৮,৮৬,০০** |

## ৬.৪ জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ)

৬.৪.১ **সাম্প্রতিক অর্জন:** সাম্প্রতিক সময়ে প্রাথমিক শিক্ষার গুণগত মান উন্নয়ন ও দক্ষতা বৃদ্ধির জন্য প্রাইমারী টিচার্স ট্রেনিং ইন্সটিটিউট (পিটিআই), জেলা প্রাথমিক/উপজেলা শিক্ষা অফিস, উপজেলা রিসোর্স সেন্টার (ইউ.আর.সি), নন-ক্যাডার প্রধান শিক্ষক এবং

নেপ এর সংশ্লিষ্ট সর্বমোট ৭,৬২১ জন কর্মকর্তাকে বুনিয়াদি, মৌলিক, ইনডাকশন, অরিয়েন্টেশন, অফিস ও অর্থ ব্যবস্থাপনা, এসিআর, এসডিজি, শুদ্ধাচার, সামাজিক উদ্বুদ্ধকরণ ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। একই সময়ে ১২টি গবেষণা সম্পন্ন করা হয়েছে। প্রাথমিক বিদ্যালয়ের ১৯,৫৫২ জন শিক্ষককে ডিপিএড ও বিটিপিটি প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ২০২৬ সনের জানুয়ারি মাসে দেশের মোট ৬৭টি পিটিআইতে পরিমার্জিত ডিপিএড (প্রাথমিক শিক্ষকগণের জন্য মৌলিক প্রশিক্ষণ-বিটিপিটি) প্রশিক্ষণ কোর্সে ৬,৯০০ জন ভর্তির কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

### ৬.৪.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক ও নির্দেশকের লক্ষ্যমাত্রা:

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. পেশাগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে কর্মকর্তা/ শিক্ষকদের মানসম্পন্ন প্রশিক্ষণ প্রদান | প্রশিক্ষণ প্রাপ্ত কর্মকর্তা ও প্রধান শিক্ষকগণের প্রশিক্ষণ | ২ | জন (হাজার) | ৩.২ | ৪.৩ | ২.৫ | ৪.৭ | ৪.৮ | ৪.৯ | ৪.৯ |
| ২. শিক্ষকদের ডিপিএড প্রশিক্ষণ/বিটিপিটি প্রশিক্ষণ | পরিমার্জিত ডিপিএড প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষক | ২ | জন (হাজার) | ৬.৫ | ৬.৬ | ৭.০ | ৬.২ | ৬.৯০ | ৬.৯০ | ৬.৯০ |
| ৩. বিদ্যালয় ব্যবস্থাপনার সঙ্গে সংশ্লিষ্ট ব্যক্তিদের প্রশিক্ষণ | প্রশিক্ষণপ্রাপ্ত এস.এম.সি সদস্য | ২ | জন (হাজার) | ০.৪৪ | ০.০৮ | ০.৪৪ | ০.৪৪ | ০.৪৪ | ০.৪৪ | ০.৪৪ |
| ৪. প্রাথমিক শিক্ষা সংশ্লিষ্ট বিভিন্ন সমস্যার কারণ অনুসন্ধান ও সমাধান সংক্রান্ত গবেষণা কার্যক্রম | গবেষণা কার্যক্রম সম্পাদন | ২ | সংখ্যা | ৭ | ৭ | ৭ | ৭ | ১০ | ১১ | ১২ |
| ৫. প্রাথমিক শিক্ষা সম্পর্কিত প্রকাশনা | প্রকাশনা মাধ্যম | ২ | সংখ্যা | | | | | ৫ | ৬ | ৭ |

### ৬.৪.৩ অপারেশন ইউনিট, কর্মসূচি এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৩-২৪ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| সহায়তা কার্যক্রম | | | | | | | |
| ১৩১০০৪১০০ - জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি | ১-৩ | ৮,৮৪,৯৪ | ১৩,৬৫,০০ | ১৩,০১,২৫ | ১৫,৮৩,০০ | ১৬,৭০,০০ | ১৭,৬২,০০ |
| মোট : সহায়তা কার্যক্রম | | **৮,৮৪,৯৪** | **১৩,৬৫,০০** | **১৩,০১,২৫** | **১৫,৮৩,০০** | **১৬,৭০,০০** | **১৭,৬২,০০** |
| মোট : পরিচালন কার্যক্রম | | **৮,৮৪,৯৪** | **১৩,৬৫,০০** | **১৩,০১,২৫** | **১৫,৮৩,০০** | **১৬,৭০,০০** | **১৭,৬২,০০** |
| মোট : | | **৮,৮৪,৯৪** | **১৩,৬৫,০০** | **১৩,০১,২৫** | **১৫,৮৩,০০** | **১৬,৭০,০০** | **১৭,৬২,০০** |

## ৬.৫ বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট

৬.৫.১ **সাম্প্রতিক অর্জন:** প্রাথমিক বিদ্যালয়সমূহে ১০০% উপস্থিতি, ঝরে পড়া রোধ ও মানসম্মত শিক্ষা নিশ্চিতকরণের জন্য ৩২টি সরকারি প্রাথমিক বিদ্যালয় ও ০৭টি থানা প্রাথমিক শিক্ষা অফিস পরিদর্শন করা হয়েছে।

**৬.৫.২ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন:**

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. সরকারি প্রাথমিক বিদ্যালয় পরিদর্শন ও পরামর্শ প্রদান | পরিদর্শন কার্যক্রম | ১ | সংখ্যা | ৪৫ | | ৪৮ | ১২০০ | ১৫০০ | ১৮০০ | ২০০০ |

**৬.৫.৩ অপারেশন ইউনিট, কর্মসূচি এবং প্রকল্পওয়ারি মধ্য মেয়াদি ব্যয় প্রাক্কলন**

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৩-২৪ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| প্রযোজ্য নয়। | | | | | | | |